# "১৫তম বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০২৫"

## "অংশগ্রহনের নিয়মাবলীঃ"

(প্রফেসর তাহমিনা আক্তার নূর)
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম

নিবন্ধনের জন্য ভিজিট করতে হবে **www.bdpho.org**
চারটি ক্যাটাগরীতে অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে।

ক্যাটাগরী এঃ ৫ম- ৬ষ্ঠ শ্রেণী
ক্যাটাগরী বিঃ ৭ম-৮ম শ্রেণী
ক্যাটাগরী সিঃ ৯ম- ১০ম শ্রেণী (এস এস সি পরীক্ষার্থী ও সমমান)
ক্যাটাগরী ডিঃ ১১শ- দ্বাদশ শ্রেণী (এইচ এস সি পরীক্ষার্থী ও সমমান)

আগামী ১৫ অক্টোবর ২০২৪ মঙ্গলবার থেকে ১৫তম বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০২৫ এর নিবন্ধন শুরু হবে। নিবন্ধনের ক্ষেত্রে যেই দিন নিবন্ধন সম্পন্ন করবে তার ৬ মাস পূর্বের শ্রেনী ব্যবহার করতে হবে (নিবন্ধনের সময় থেকে ৬ মাস পূর্বে যে শ্রেনীতে অধ্যয়নরত ছিলে সেই শ্রেনী ব্যবহার করবে)।

**নিবন্ধনের জন্য টেলিটক নম্বর ব্যবহার করা যাবে না। ফিজিক্স অলিম্পিয়াডের নিবন্ধন ফি বাবদ ৩৩০ (তিন শত ত্রিশ) টাকা প্রদান করতে হবে অনলাইনে নিবন্ধনের সময় (যা অফেরতযোগ্য)।**

ওয়েবসাইটে প্রবেশ করে মেন্যু থেকে Registration অপশন সিলেক্ট করলে নিবন্ধন ফর্মে নিয়ে যাবে। নিবন্ধন ফর্মে সকল তথ্য সঠিকভাবে দেয়ার পরে Complete Registration বাটনে ক্লিক করতে হবে।যদি সকল তথ্য ঠিক থাকে তাহলে Confirm Registration বাটনে ক্লিক করলে পেমেন্ট ফর্মে নিয়ে যাবে। পেমেন্ট সম্পন্ন করলে নিবন্ধন সম্পন্ন হবে।এই নিবন্ধন ফি শুধুমাত্র আঞ্চলিক পর্বের জন্য। একই নম্বর থেকে একাধিক নিবন্ধন ফি পরিশোধ করতে হলে কমপক্ষে ১০ মিনিট বিরতি দিয়ে চেষ্টা করতে হবে।

নিবন্ধন সম্পন্ন হওয়ার পর প্রতিযোগী তার নিবন্ধিত মোবাইল নম্বরে এস এম এস এর মাধ্যমে নিবন্ধন নম্বর ও পাসওয়ার্ড পেয়ে যাবে। এই নিবন্ধন নম্বর এবং পাসওয়ার্ড প্রতিযোগীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নিজের প্রোফাইলে প্রবেশ ও কোন পরিবর্তনের জন্য নিবন্ধন নম্বর ও পাসওয়ার্ড প্রয়োজন হবে। যেহেতু নিবন্ধন নম্বর ও পাসওয়ার্ড মোবাইল ফোনে পাঠানো হবে সেক্ষেত্রে মোবাইল নম্বর নির্বাচনের বিষয়ে খেয়াল রাখতে হবে। নিবন্ধনের সময় কোন সমস্যা হলে বা নিবন্ধনের পরে এস এম এস না পেলে managerbdpho@gmail.com এ সমস্যা জানিয়ে ই-মেইল করতে হবে।

আঞ্চলিক পর্ব সরাসরি কেন্দ্রে অনুষ্ঠিত হবে এবং আঞ্চলিক বিজয়ীদের নিয়ে জাতীয় পর্ব অনুষ্ঠিত হবে।

জাতীয় পর্ব থেকে বিজয়ী ছাত্র ছাত্রীদেরকে ট্রেনিং ক্যাম্পে ডাকা হবে। পূর্বের এশিয়ান ফিজিক্স অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগীরা সরাসরি জাতীয় পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং আন্তর্জাতিক ফিজিক্স অলিম্পিয়াডে অংশগ্রহণকারীরা (বয়স এবং APhO ও IPhO নিয়ম অনুযায়ী যোগ্য সাপেক্ষে) সরাসরি জাতীয় ট্রেনিং ক্যাম্পে অংশগ্রহণ করতে পারবে। এবছর ৫ জন প্রতিযোগীকে ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিতব্য ৫৫তম আন্তর্জাতিক ফিজিক্স অলিম্পিয়াডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত করা হবে। এবছর ৮ জনকে সৌদি আরবে অনুষ্ঠেয় ২৫তম এশিয়ান ফিজিক্স অলিম্পিয়াডে ও ৫ জনকে ৯ম ইউরোপিয়ান ফিজিক্স অলিম্পিয়াডে অংশগ্রহণের জন্য মনোনীত করা হতে পারে। ফিজিক্স অলিম্পিয়াডে দল নির্বাচনের ক্ষেত্রে অলিম্পিয়াড কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার সুপারিশ এবং হস্তক্ষেপের প্রচেষ্টা অযোগ্যতা হিসাবে গন্য হবে।

BANGLADESH PHYSICS OLYMPIAD

# CATEGORY DIVISION

According to the rules of BDPhO 2025 Registration

**Students will select the category according to the class they will be studying for 6 months or more in 2024.**

## A Category

- NCTB(Bangla &English) Class 5 & 6
- English Medium: Grade 5 & 6
- Equivalent classes are allowed to participate

## B Category

- NCTB(Bangla &English) Class 7 & 8
- English Medium: Grade 7 & 8
- Equivalent classes are allowed to participate

## C Category

- NCTB(Bangla &English) Class 9, 10 & SSC'24
- English Medium: Grade 9, 10 & O level
- Equivalent classes are allowed to participate

## D Category

- NCTB(Bangla &English) Class 11, 12 & HSC'24
- English Medium: Grade 11, 12 & A level
- Equivalent classes are allowed to participate

www.bdpho.org

Registration Link: